



ইসলামিকফাউন্ডেশন

আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

প্রেসবিজ্ঞপ্তি

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে
পবিত্র কুরআনখানি, দোয়া ও মিলাদ মাহফিল

ঢাকা, সোমবার, ১৪ ডিসেম্বর ২০১৫।

শহীদ বুদ্ধিজীবীদিবস ২০১৫ উপলক্ষে উনিশ'শ একাত্তর সালে দেশের জন্য আত্মদানকারী শহীদ বুদ্ধিজীবীদের রুহের মাগফিরাত কামনা করে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে আজ (১৪ ডিসেম্বর সোমবার) বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পবিত্র কুরআনখানি, দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। সকাল ১০.০০ টা থেকে হাফেজে কুরআনগণ কুরআনখানি শুরু করে সকাল ১১.০০ টায় শেষ করেন। এরপর অনুষ্ঠিত হয় দোয়া ও মিলাদ মাহফিল। মিলাদ ও মুনাজাত পরিচালনা করেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা মোঃ এহসানুল হক।

মুনাজাতে একাত্তর সালের মহান মুক্তিযুদ্ধে দেশের জন্য আত্মসর্গকারী শহীদ বুদ্ধিজীবীদের রুহের মাগফিরাত কামনা করা হয়। স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রুহের মাগফিরাত কামনা করে মহান আল্লাহর নিকট প্রার্থনা করা হয়। মহান মুক্তিযুদ্ধে দেশের জন্য আত্মদানকারী শহীদ মুক্তিযোদ্ধাদের রুহের মাগফিরাত কামনা করা হয়। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয় এবং মুসলিম বিশ্বর শান্তি, সমৃদ্ধি ও উন্নতির জন্য দোয়া করা হয়।

মুনাজাতে ইসলামিক ফাউন্ডেশনের দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগের পরিচালক মাওলানা এএমএম সিরাজুল ইসলাম, উপ-পরিচালক আনিছুর রহমান সরকার ও বিপুলসংখ্যক মুসলম্মীসহ সমাজের সর্বস্বরের জনগণ অংশগ্রহণ করেন।

ইসলামিক ফাউন্ডেশনের আশাকোণাস্থ ঢাকা বিভাগীয় কার্যালয়সহ দেশের ৬৪টি জেলা কার্যালয়, ৪০টি ইসলামিক মিশন কার্যালয় ও ৭টি ইমামপ্রশিক্ষণ একাডেমীতে অনুরূপ কুরআনখানি, দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। এতে ইমাম-খতীব, আলেম-ওলামাসহ সর্বস্বরের জনগণ অংশগ্রহণ করেন।

(মুহাম্মদ নিজামউদ্দিন)

সহকারীপরিচালক, জনসংযোগ

ইসলামিকফাউন্ডেশন

মোবাইল ০১৭২০০৪০৪৩২